

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫-৭১

তারিখঃ ১০/০৬/১৪২৩ বঃ
২৫/০৯/২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মচারীর ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা ইত্যাদি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

১। সরকারি কর্মচারীদের শ্রেণী বিন্যাস :

| | |
|-----------|---|
| ক- শ্রেণি | মূলবেতন নির্বিশেষে ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব গ্রেডের সকল কর্মচারী এবং ১০ম গ্রেডের সেরে সকল সরকারি কর্মচারী যাদের মূলবেতন ২৯০০০/- টাকা বা তদূর্ধ্ব। |
| খ- শ্রেণি | মাসিক ২৯,০০০/- টাকার কম মূলবেতন গ্রহণকারী সকল ১০ম গ্রেডের সরকারি কর্মচারী এবং ঐ সকল ১১নং থেকে ১৬নং গ্রেডের কর্মচারী যাদের মূলবেতন মাসিক ১৬০০০/- টাকা বা তদূর্ধ্ব। |
| গ- শ্রেণি | খ শ্রেণিভুক্ত ব্যতীত ১১নং গ্রেড থেকে ১৬নং গ্রেডের অন্য সকল সরকারি কর্মচারী। |
| ঘ- শ্রেণি | ফরেস্ট গার্ড, পুলিশ কনস্টেবল (প্রধান কনস্টেবল ব্যতীত), জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School) এর দ্বাররক্ষী এবং ১৭নং গ্রেড থেকে ২০নং গ্রেডের সকল সরকারি কর্মচারী। |

২। দৈনিক ভাতা :

| শ্রেণি | মূলবেতন | সাধারণ হার | ব্যয় বহুল স্থান |
|-----------|---|-------------|---|
| ক- শ্রেণি | ১। ৭৮,০০০/- টাকা (নির্ধারিত) ও তদূর্ধ্ব। | ১৪০০/- টাকা | ব্যয় বহুল স্থানে অর্থাৎ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর, সিলেট, নারায়নগঞ্জ ও গাজীপুর শহর এবং সাভার পৌর এলাকার জন্য সাধারণ হারের অতিরিক্ত ৩০% |
| | ২। ৭১০০১-৭৭৯৯৯/- টাকা পর্যন্ত। | ১২২৫/- টাকা | |
| | ৩। ৫০০০১-৭১০০০/- টাকা পর্যন্ত। | ১০৫০/- টাকা | |
| | ৪। ২৯০০১-৫০০০০/- টাকা পর্যন্ত। | ৮৭৫/- টাকা | |
| | ৫। ২২০০০-২৯০০০/- টাকা পর্যন্ত | ৭০০/- টাকা | |

৫

| | | | |
|-----------|--|------------|--|
| খ- শ্রেণি | ১। ২৯০০০/- টাকার কম মূলবেতন গ্রহণকারী ১০ম গ্রেডের সকল কর্মচারী। | ৪৯০/- টাকা | |
| | ২। ১৬০০০/- টাকা বা তদূর্ধ্ব মূলবেতন গ্রহণকারী ১১ থেকে ১৬নং গ্রেডের সকল কর্মচারী। | ৪২০/- টাকা | |
| গ- শ্রেণি | খ শ্রেণি ব্যতীত সকল ১১ থেকে ১৬নং গ্রেডের কর্মচারী। | ৩৫০/- টাকা | |
| ঘ- শ্রেণি | ১৭ থেকে ২০নং গ্রেডের সকল কর্মচারী। | ৩০০/- টাকা | |

৩। পথ ভাড়া ভাতা (Mileage Allowance) :

ভ্রমণের দূরত্ব নির্বিশেষে সড়ক পথে ভ্রমণের জন্য নিম্নোক্ত হার প্রযোজ্য হবে :

| ক্রঃ নং | শ্রেণি | টাকা/কিলোমিটার |
|---------|-----------|----------------|
| ১ | ক- শ্রেণি | ৩.৭৫ |
| ২ | খ- শ্রেণি | ৩.০০ |
| ৩ | গ- শ্রেণি | ২.২৫ |
| ৪ | ঘ- শ্রেণি | ১.৫০ |

৪। পথ ভাড়া ভাতা (Mileage Allowance): নির্ণয়ের জন্য শ্রেণি প্রাপ্যতা :

| ক্রঃ নং | ভ্রমণের ধরণ | শ্রেণি | প্রাপ্যতা | পথ ভাড়ার ভাতার হার |
|---------|-------------|--|--|---|
| ১ | রেলপথ ভ্রমণ | ক-শ্রেণিভুক্ত টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব। গ্রেডভুক্ত কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণি। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণি না থাকলে প্রথম শ্রেণি | ১। বদলি ব্যতীত শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণিতে ভ্রমণের জন্য পথভাড়া উক্ত শ্রেণীর ভাড়ার দেড় গুন হবে। ২। বদলি এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণির ভ্রমণ ব্যতীত সকল শ্রেণির সরকারি কর্মচারীগণ যে শ্রেণিতে ভ্রমণের অধিকারী সে শ্রেণিতে ভ্রমণ করলে পথ ভাড়া উক্ত শ্রেণির ভাড়ার ১.৮ গুন হবে। |

৫/

| | | | | |
|---|---|--|---|---|
| | | ক- শ্রেণিভুক্ত অন্যান্য কর্মচারী। | প্রথম শ্রেণি | |
| | | খ- শ্রেণির সকল সরকারি কর্মচারী। | দ্বিতীয়/শোভন/সুলভ শ্রেণি | |
| | | গ- শ্রেণির সকল সরকারি কর্মচারী- ট্রেনে দু'টি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণি। তিনটি শ্রেণি থাকলে, যাদের মূলবেতন মাসিক ১০২০০/- টাকা এবং তদূর্ধ্ব তারা মধ্যম (Middle) শ্রেণি এবং যাদের মূলবেতন মাসিক ১০২০০/- টাকার কম তারা নিম্নতম শ্রেণি। | মধ্যম/নিম্নতম শ্রেণি | |
| | | ঘ- শ্রেণির সকল সরকারি কর্মচারী। | নিম্নতম শ্রেণি | |
| ২ | সমুদ্র বা নদী পথে স্টীমার/জাহাজ/লঞ্চে ভ্রমণ | ক-শ্রেণিভুক্ত টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণি। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণি না থাকলে প্রথম শ্রেণি। | |
| | | ক- শ্রেণিভুক্ত অন্যান্য কর্মচারী | প্রথম শ্রেণি। | |
| | | খ- শ্রেণির সকল সরকারি কর্মচারী | দ্বিতীয়/শোভন/সুলভ শ্রেণি | |
| | | গ- শ্রেণির সকল সরকারি কর্মচারী দু'টি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণি। তিনটি শ্রেণি থাকলে মধ্যম (Middle) শ্রেণি। চারটি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণির অব্যবহিত উচ্চতর শ্রেণি। | মধ্যম/নিম্নতম/ অব্যবহিত উচ্চতর শ্রেণি। | |
| ৩ | বাসে ভ্রমণ | ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব গ্রেডের কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত আসন | বাসে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণির ভাড়ার দ্বিগুণ হবে। |
| | | অন্যান্য সকল সরকারি কর্মচারী | শীতাতপ নিয়ন্ত্রন বিহীন আসন | |

৫

